



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট ১২(৬)

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির

-ঃ পুনঃ নিলাম বিজ্ঞপ্তি :-

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: আবু আহাম্মদ ইউসুফ, পিতাঃ মৃত হাজী আনছুর আলী মিস্ত্রী।

স্থায়ী + বর্তমান ঠিকানা : রফিক ইঞ্জিনিয়ার বাড়ী, গ্রামঃ উত্তর উরকিরচর, ওয়াড় নং-০৪, থানাঃ রাউজান, জেলাঃ চট্টগ্রাম।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মৃত আবু আহাম্মদ ইউসুফ, পিতাঃ মৃত হাজী আনছুর আলী মিস্ত্রী, সোনালী ব্যাংক পিএলসি চকবাজার শাখা চট্টগ্রাম হতে ঋণ গ্রহণ করেন এবং উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি ব্যাংকের এর নিকট রেজিস্টার্ড বন্ধকী দলিল মূলে বন্ধক রাখেন এবং একই সাথে বর্ণিত ঋণটি খেলাপি হওয়া সাপেক্ষে বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংকে প্রদান করে রেজিস্টার্ড আমোক্তারনামা দলিল সম্পাদন করেন। পরবর্তীতে ঋণের কিস্তি পরিশোধ না করায় নির্ধারিত মেয়াদান্তে ঋণটি খেলাপি ঋণে পরিণত হয়। ইতিমধ্যে ঋণগ্রহীতা আবু আহাম্মদ ইউসুফ মৃত্যুবরণ করলে তার ওয়ারিশ যথাক্রমে তার স্ত্রী বেগম শামসুন নাহার, তিন পুত্র হাবিবুল্লাহ জাহেদ, শফিউল্লাহ সাহেদ ও শহীদুল্লাহ রাশেদ এবং দুই কন্যা মনোয়ারা বেগম ও আনজুমানারা বেগম এর নিকট বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩০ জুন, ২০২৫ তারিখ ভিত্তিক অনারোপিত সুদসহ ব্যাংকের পাওনা = ৪১,৮০,৩৭৪.০০ (একচল্লিশ লক্ষ আশি হাজার তিনশত চুয়াত্তর) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থস্বর্ণ আদালত আইন- ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা বিধান মোতাবেক পুনঃ নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে :

ঃ বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :ঃ

জেলাঃ চট্টগ্রাম, থানাঃ সাবেক ডবলমুরিং, হালে বন্দর, মৌজাঃ মধ্য হালিশহর, আর এস খতিয়ান নং- ৫১৪৬, আর.এস দাগ নং- ৫৪৭০, পি.এস খতিয়ান নং-২৭৭০, পি.এস দাগ নং-১০৩২৩, বি.এস খতিয়ান নং-১৬৯৩, বি.এস নামজারী খতিয়ান নং- ১৬৯৩/২, বি.এস দাগ নং-৬৩০৫ ও ৬৩০৬। জমির পরিমাণ ০৪ (চার) শতক। জমির মালিক:আবু আহাম্মদ ইউসুফ।

চৌহদ্দি:


উত্তরে দাগ নং-৬৩০৩/৬৩০৪, দক্ষিণে ৬৩৫৪/৬২২৮, পূর্বে ৬৩০২/৬৩০৭ এবং পশ্চিমে ৬২২৯।

শর্তসমূহ :

- আগামী ২৩/০৬/২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, চকবাজার শাখা, চট্টগ্রাম ও প্রিন্সিপাল অফিস, চট্টগ্রাম-দক্ষিণ, আত্রাবাদ, চট্টগ্রাম-এ রক্ষিত দরপত্র বাস্তবে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা এবং প্রিন্সিপাল অফিস এ পৌছাইতে হইবে।
- দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে) সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল :

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ		অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের	১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের	১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অধাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।


Bikram Kishore Dutta
Manager (S.P.O.)
Sonalibank PLC
Chakbazar Branch, Ctg.